



ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যাম্পেলর প্রফেসর আবদুল মান্নান কুখার কলা ভবনে ডাকসু নির্বাচনের ভোট গণনা ঘুরে যে খেন। -দৈনিক বাংলা

১৩টি হলের ফল ঘোষণা

(১ম পৃষ্ঠা পড়)

গণনা শুরু হয়। রাতে এ রিপোর্ট লেখা পর্যন্ত কেন্দ্র অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

মোট ২৫ হাজার ২৫ জন ভোটারের মধ্যে ১৫ হাজার ৩৫৮ জন ভোট দেন। প্রদত্ত ভোটের হার ৬১ দশমিক ৩৭ শতাংশ। ৪২ মাসে শেষ ডাকসু নির্বাচনে ভোট প্রদানের হার ছিল ৫৫ দশমিক ৪২ শতাংশ। এবার নির্বাচনে শেখ মুজিব হলে সবচেয়ে বেশি ভোট পড়েছে। সবচেয়ে কম ভোট পড়েছে ছাত্রীদের হলে দুটিতে।

ডাইস-চ্যাম্পেলর প্রফেসর আবদুল মান্নান সূচনাক্রমে নির্বাচন সম্পন্ন করতে সহযোগিতা দেয়ার জন্য সরকার, রাজনৈতিক দল-সমূহ এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়েছেন। তিনি গতকাল সাধ্যায় ভেট গণনা কেন্দ্রে সাংবাদিকদের সঙ্গে আলাপ করছিলেন।

প্রফেসর মান্নান বলেন, এবারের ডাকসু নির্বাচন অন্য যেকোন নির্বাচনের জন্য মডেল হতে পারে। সকাল আটটায় ১৩টি হলে একই মাগে ডাকসু এবং হল সংসদগুলোর ভোটগ্রহণ শুরু হয়। বেলা দুইটা পর্যন্ত একটানা ভোটগ্রহণ হলে। অধিকাংশ হলেই নির্ধারিত সময়ের মধ্যে ভোট প্রদান শেষ হয়ে। তবে কয়েকটি হলে নির্ধারিত সময়ের পরও কেন্দ্রের ভেতর ভোটের উপস্থিত থাকায় পূর্বে ঘোষিত সিদ্ধান্ত অনুযায়ী তাদের ভোট প্রদানের সুযোগ দেয়া হয়।

শেখ মুজিব হলে ৮১৭টি ভোটের মধ্যে ৬৮৭টি ভোট পড়েছে। এ হলে প্রদত্ত ভোটের হার ৮৪ দশমিক ০৯ শতাংশ। এর পরই বেশি ভোট পড়েছে জগন্নাথ হলে। এখানে দুই হাজার ৬৫ জন ভোটারের মধ্যে এক হাজার ৬৪০ জন ভোট দিয়েছেন। ভোটের হার ৭৯ দশমিক ৪২ শতাংশ। শামসুদ্দিন নাহার হলে সবচেয়ে কম ভোট পড়ে। এ হলে তিন হাজার ৬৫৬ জনের মধ্যে ১৪৯ ভোটার ভোট দিয়েছেন। ভোটের হার ৩৮ দশমিক ২৯ শতাংশ। এরপরই কম ভোট পড়েছে রোকেয়া হলে, ৪২ দশমিক ২৮ শতাংশ। এ হলে চার হাজার ৫৬০ জন ভোটারের মধ্যে মাত্র এক হাজার ২২৫ জন ভোট দিয়েছেন। উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়ের ১৩টি হলের মধ্যে রোকেয়া হলে সর্বাধিক ভোটার। এর পরই ভোটের বেশি শামসুদ্দিন নাহার হলে।

সাত বছর পূর্বে অনুষ্ঠিত এবারের ডাকসু নির্বাচনে মোট ২০টি পদের জন্যে ১৭৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। ১৩টি হল সংসদে মোট ১৫৬টি পদে প্রতি-

দ্বন্দ্বিতা করেছেন। ১৩ জন মুখ্য নির্বাচক। অনাবাসিক ছাত্র-ছাত্রীরা বিশ্ববিদ্যালয় বাস এবং রিকশায় ভোট কেন্দ্রে উপস্থিত হন। কত পক্ষ নির্বাচনের অন্তিম বিশেষ বস সন্নিবিষ্ট চালু রাখে। অনেক ছাত্র সংগঠন ক্যাম্পাসে প্রবেশের বিভিন্ন সড়কমুখে নির্বাচনী ক্যাম্প স্থাপন করে। ছাত্র-ছাত্রীরা ক্যাম্পাসে এলাকায় প্রবেশ করা মাত্র কমিটিরা ছুটে গিয়ে নিজ নিজ পরিষদের প্যানেল ধরিয়ে দেন। প্রতিটি ভোট কেন্দ্রে সামনে ছাত্র সংগঠম পরিষদ এবং আত্মীয়তাবাদী ছাত্র দল নির্বাচনী ক্যাম্প স্থাপন করে। কোন কোন হলে ছাত্র শিবিরের নির্বাচনী ক্যাম্পও দেখা যায়।

নির্বাচনী প্রচারণা নিষিদ্ধ থাকলেও বিভিন্ন সংগঠন ভোট চলাকালে তাদের পরিষদের প্রার্থীদের নিয়ে হল এলাকা প্রদক্ষিণ করে। ভিন্সি প্রফেসর আবদুল মান্নান সকালে বিভিন্ন ভোট কেন্দ্রে পরিদর্শন করেন।

এবারের ডাকসু নির্বাচন উপলক্ষে নিজস্ব বিহীন নিরপত্তা ব্যবস্থা নেয়া হয়। প্রায় তিন হাজার পুলিশ ক্যাম্পাস এলাকায় মোতায়েন করা হয়। ভোট চলাকালে প্রতিটি ভোট কেন্দ্রে সামনে পুলিশ ছিল। ভোটগ্রহণ শেষে কড়া পুলিশ প্রহরায় ১৩টি হল থেকে ব্যালট-বাক্স কলাভবনে নিয়ে-বাংলা হয়। কলাভবনের চার তলার ডাকসু এবং তিন তলায় হল সংসদগুলোর ভোট গণনা চলে। বিকাল সাড়ে পাঁচটায় ভোট গণনা শুরু হয়। শিক্ষক-অফিসার কর্মচারী মিলিয়ে প্রায় দুই হাজার ব্যক্তি ভোট গণনা নিয়োজিত হন।

154

নির্বাচনী সংখ্যা আট শতাধিক। নির্বাচনে দশটি প্যানেল অংশ নেয়। এর মধ্যে কেন্দ্রীয় ছাত্র সংগঠম পরিষদ মনোনীত "স্বাভাবিক-মুশতাক" পরিষদ, আত্মীয়তাবাদী ছাত্রদের "দ-রিপন" পরিষদ এবং ইসলামি ছাত্রশিবিরের "শামসু-আমিন" পরিষদ ডাকসু এবং হল সংসদের সকল পদে প্রতিদ্বন্দ্বিতা করে। গতকাল সকাল থেকে দুপুরে



কুখার ডাকসু নির্বাচনে রোকেয়া হলে ছাত্রীদের ভোট প্রদান - দৈনিক বাংলা

শান্তিপূর্ণ ভাবে ডাকসু নির্বাচন সম্পন্ন

১৩টি হলের ফল ঘোষণা

(স্টাফ রিপোর্টার)

গতকাল গভীর রাত্তি আকস্মিক ভাবে ঢাকা বিশ্ববিদ্যালয় নির্বাচন কমিশন ১৩টি হল ছাত্র সংসদ নির্বাচনের ফল মাইকযোগে ঘোষণা করেছে।

ঘোষিত ফলাফল অনুযায়ী ছাত্র সংগঠম পরিষদ মনোনীত প্যানেল শেখ মুজিব হল, এফ রহমান হল, শাহীদুল্লাহ হল, রোকেয়া হল, শামসুদ্দিন হক হল, জগন্নাথ হল ও জহুরুল হক হলে

পূর্ণ প্যানেলে জিতেছে।

অপরদিকে ছাত্রদের প্যানেল জিয়া হল ও মহসিন হলে পূর্ণ প্যানেল পেয়েছে। বাকি হলগুলোর মধ্যে সূর্যসেন হলে জিএস ছাড়া (ছাত্রদল) বাকি সকল পদ ছাত্র সংগঠম পরিষদ, এফএইচ হলে ভিপি, জিএসসহ ৭টি পদ ছাত্রদল বাকিগুলো সংগঠম পরিষদ, এস এম হলে ভিপি (ছাত্রদল) ছাড়া বাকি পদ সংগঠম পরিষদ এবং জাসমউদ্দিন হলে ভিপি জিএসসহ

১০টি পদে ছাত্রদল এবং অন্যান্য পদে সংগঠম পরিষদ জিতেছে।

এছাড়া শাহীদুল্লাহ হলে ও শেখ মুজিব হলে ক্যাডেট সম্পাদক পদে ছাত্রদল জিতেছে।

শান্তিপূর্ণ পরিবেশ ও কঠোর নিরপত্তার মধ্যে দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা গতকাল ডাকসু এবং হল সংসদে তাদের প্রতিনিধি মনোনয়নের জন্যে ভোট দিয়েছেন। সাধ্যায় কলাভবনে ভোট (শেষ পৃষ্ঠা-এর কঃ ট্রা)